

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এক্সচেঞ্জ ও আইসিবি শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/০৪ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩০৩-আইন/২০১৬।—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ (২০১৪ সনের ১২নং আইন) এর ধারা ৩৯, ধারা ২৭ এর উপ-ধারা (৩) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম।—এই বিধিমালা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (নীট মুনাফা নির্ধারণ, সংরক্ষিত তহবিলে জমার পরিমাণ নির্ধারণ, ঋণ পরিশোধ, উদ্বৃত্ত অংশ ঘোষণা, লভ্যাংশের পরিমাণ ও শেয়ার হোল্ডারগণের মধ্যে লভ্যাংশ বন্টনের পদ্ধতি) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ (২০১৪ সনের ১২নং আইন);
- (খ) “উদ্বৃত্ত অংশ” অর্থ নীট মুনাফা হইতে সংরক্ষিত তহবিল ও অন্যান্য তহবিলে মুনাফা স্থানান্তর এবং উহা বন্টনের পর অবশিষ্ট অংশ;
- (গ) “কর্পোরেশন” অর্থ আইনের ধারা ২ এর দফা (৪) এ উল্লিখিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)।

(১৫১৬৭)

মূল্য ৪ টাকা ৪.০০

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। নীট মুনাফা নির্ধারণ।—কর্পোরেশনের ব্যবসায়িক কার্য পরিচালনা হইতে বৎসরান্তে উদ্ধৃত মোট আয় হইতে মোট ব্যয় কর্তন করিয়া নীট মুনাফা নির্ধারণ করা হইবে।

ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে—

- (ক) “মোট আয়” অর্থ কর্পোরেশন কর্তৃক প্রাপ্ত সুদ আয়, লভ্যাংশ আয়, মূলধনী মুনাফা, ফি, কমিশন ও সার্ভিস চার্জ এবং অন্যান্য আয়; এবং
- (খ) “মোট ব্যয়” অর্থ কর্পোরেশন কর্তৃক বেতন-ভাতা, উৎসব বোনাস, উৎসাহ বোনাস, গ্র্যাচুইটি, অফিস বা গোডাউন ভাড়া, আয়কর, স্থায়ী সম্পদ বীমা, বিদ্যুৎ, গ্যাস ও ওয়াসা, মামলা বা আইনগত কার্যধারা পরিচালনা, সুদ ব্যয়, পোস্টেজ, স্ট্যাম্প, টেলিফোন, মোবাইল, নিরীক্ষা ফি, মনিহারি, মুদ্রণ বিজ্ঞাপন, পরিচালকগণের সম্মানি, মেরামত, রক্ষণাবেক্ষণ ও অবচয়, ব্রোকারেজ কমিশন, ঋণ অগ্রীম ও বিনিয়োগ এবং আনুষঙ্গিক কাজে ব্যয়িত অর্থ।

৪। সংরক্ষিত তহবিলে জমা।—কর্পোরেশন, কর্পোরেশনের বার্ষিক নীট মুনাফা হইতে অন্যান্য শতকরা ২০(বিশ) ভাগ সংরক্ষিত তহবিলে জমা করিবে এবং সংরক্ষিত তহবিলের অর্থ কর্পোরেশনের বিনিয়োগ কার্যক্রমে ব্যবহার করা যাইবে।

৫। ঋণ পরিশোধ।—কর্পোরেশন তৎকর্তৃক গৃহীত স্বল্প মেয়াদী, দীর্ঘ মেয়াদী ও অন্যান্য ঋণ পরিশোধ করিবার সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত উহার নীট মুনাফার শতকরা ৫(পাঁচ) ভাগ ঋণ পরিশোধ রিজার্ভে স্থানান্তর করিবে।

৬। উদ্ধৃত অংশ ঘোষণা।—কর্পোরেশন বার্ষিক নীট মুনাফা হইতে সংরক্ষিত তহবিলে জমা এবং ঋণ পরিশোধ রিজার্ভে নির্ধারিত অর্থ স্থানান্তরের পর নীট মুনাফার অবশিষ্ট অংশ উদ্ধৃত অংশ হিসাবে ঘোষণা করিতে পারিবে।

৭। লভ্যাংশ ঘোষণা ও বন্টনের পদ্ধতি।—(১) কর্পোরেশন, নীট মুনাফার উদ্ধৃত অংশ হইতে কর্পোরেশন ও শেয়ারহোল্ডারগণের পারস্পরিক স্বার্থ বিবেচনায় যৌক্তিক পরিমাণ নগদ বা স্টক বা উভয় ধরনের লভ্যাংশ ঘোষণা করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ঘোষিত লভ্যাংশ কর্পোরেশনের শেয়ারহোল্ডারগণের বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হইতে হইবে।

(৩) লভ্যাংশ প্রদানের জন্য সংশ্লিষ্ট আইন অনুযায়ী রেকর্ড ডেট ঘোষণা করা হইবে।

(৪) রেকর্ড ডেট এ শেয়ার ধারণকারী শেয়ারহোল্ডারগণ লভ্যাংশ প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(৫) রেকর্ড ডেট অনুযায়ী কর্পোরেশন বা ডিপোজিটরী রেজিস্টারে অন্তর্ভুক্ত শেয়ারহোল্ডারগণের ঠিকানায় মুদ্রিত লভ্যাংশপত্র প্রেরণ করিতে হইবে অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার পদ্ধতিতে নগদ লভ্যাংশ বিতরণ করিতে হইবে।

(৬) নগদ লভ্যাংশের পরিবর্তে কর্পোরেশন কর্তৃক স্টক ডিভিডেন্ড ঘোষিত হইলে রেকর্ড ডেট অনুযায়ী শেয়ারহোল্ডারগণের বেনিফিশিয়ারি ওনার হিসাব (Beneficiary Owner Account) এ সিকিউরিটিজ সম্পর্কিত প্রচলিত আইনে নির্ধারিত সময়ের মধ্যে স্টক ডিভিডেন্ড জমা করিতে হইবে।

(৭) উদ্বৃত্ত অংশ হইতে লভ্যাংশ বন্টন করিবার পর উহার অবশিষ্ট অংশ, যদি থাকে, অবন্টিত মুনাফা হিসাবে কর্পোরেশনে রক্ষিত থাকিবে।

ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে—

- (ক) “রেকর্ড ডেট” অর্থ লভ্যাংশ পাইবার যোগ্য শেয়ারহোল্ডার নির্ধারণের উদ্দেশ্যে কোম্পানি কর্তৃক নির্দিষ্টকৃত তারিখ;
- (খ) “লভ্যাংশ” অর্থ কর্পোরেশনের নীট মুনাফার যে অংশ শেয়ার হোল্ডারগণের মধ্যে বন্টন করা হয়; এবং
- (গ) “শেয়ার” অর্থ আইনের ধারা ২ এর দফা (১৯) এ সংজ্ঞায়িত শেয়ার।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাসির উদ্দিন আহমেদ
যুগ্ম-সচিব।